

নং-৪৫.০৫.০০০০.০০৯.২৯.০০১.১৯ (অংশ-৩).৮৮

তারিখ : ১২/০২/২০২৪ খ্রি:


বিষয়ঃ রাজশাহীতে ১৮/০২/২০২৪ খ্রি. থেকে ২০/০২/২০২৪ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক বিভাগীয় প্রশিক্ষণে অংশগ্রহণের আমন্ত্রণ সম্পর্কিত।

স্বাস্থ্য সেবা বিভাগের স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের অধীন জিএনএসপি ইউনিটের ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা অনুযায়ী রাজশাহী বিভাগে “Health Sector Response to Gender-Based Violence (GBV)” শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। আগামী ১৮/০২/২০২৪ খ্রি. থেকে ২০/০২/২০২৪ খ্রি. মেয়াদে অনুষ্ঠেয় প্রশিক্ষণটি প্রতিদিন সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী এর সম্মেলনকক্ষে অনুষ্ঠিত হবে। প্রশিক্ষণ কর্মসূচিতে মূলত স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন বিভিন্ন বিভাগ/ দপ্তর/ সংস্থায় কর্মরত কর্মকর্তাগণ অংশগ্রহণ করবেন। উল্লেখ্য, বিভাগীয় কমিশনার, রাজশাহী মহোদয় প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করতে সদয় সম্মত হয়েছেন।

২। কর্মসূচিতে অংশগ্রহণের জন্য তাঁকে নির্দেশক্রমে বিশেষভাবে অনুরোধ করা হ'ল।

৩। উল্লেখ্য অংশগ্রহণকারীকে সরকারী বিধি মোতাবেক নির্ধারিত হারে ভাতা প্রদান করা হবে।

৪। কর্মসূচি বিষয়ে বিস্তারিত তথ্যের প্রয়োজনে অনুগ্রহপূর্বক জিএনএসপি ইউনিটের নাজমা সিদ্দিকা বেগম, ডিপিএম [০১৭১৯১৩৯৮১৩] এবং ডা: এজিএম মাসুকুর রহমান, সিনিয়র কনসালটেন্ট [০১৬৭১১৬০১৭] -এর সাথে যোগাযোগ করা যেতে পারে।



(মো: সাইদুর রহমান খান)

প্রোগ্রাম ম্যানেজার

জিএনএসপি ইউনিট

স্বাস্থ্য সেবা বিভাগ

মোবাইল: ০১৭১৬৮১৭৫৬৮

ই-মেইল: msrk_6415@yahoo.com

উপপরিচালক

জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়

রাজশাহী/নাটোর/নওগাঁ/চাঁপাইনবাবগঞ্জ/পাবনা/সিরাজগঞ্জ

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ৩৭/৩, ইন্সটন গার্ডেন রোড, ঢাকা [সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রশিক্ষণে অংশগ্রহণের অনুমতি প্রদানের অনুরোধসহ]।

২। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), রাজশাহী।

৩। লাইন ডিরেক্টর, এইচআইএস অ্যান্ড ই-হেলথ এবং ডিরেক্টর (এমআইএস)/লাইনডিরেক্টর (এইচএসএম)/ডিরেক্টর (হসপিটাল অ্যান্ড ক্লিনিকস)/ লাইন ডিরেক্টর (উপজেলা হেলথ কেয়ার), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৫। সিস্টেম অ্যানালিস্ট, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৬। সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৭। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

৮। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।